গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট।
(রাজস্ব শাখা)
www.joypurhat.gov.bd

নম্বরঃ -৩১.৪৩.৩৮০০.০০২০.০১.০২৯.১৭- ১১৪৮(৫৫) তারিখঃ ১৬ /০৯/২০১৮ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের গত ০৮/০৮/২০১৮ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২২০.১২.৪৪২ নং ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এবং আওতাধীন অফিসসমূহে (রাজস্ব প্রশাসন) নিম্নবর্ণিত পদে লোক নিয়োগের নিমিত্ত জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকুরীর আবেদন ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা হচ্ছেঃ

পদের নাম	বেতনস্কেল	পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
অফিস সহায়ক	৮,২৫০-২০,০১০/- (জাতীয় বেতনস্কেল, ২০১৫) (তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি) ।	১৩ টি	অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় পাস

শর্তাবলী

০১. আবেদনপত্র জেলা প্রশাসক, জয়পুরহাট বরাবর লিখতে হবে এবং আগামী ১৫/১০/২০১৮ তারিখ অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত) এ অফিসে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০২. আগামী ১৫/১০/২০১৮তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

০৩. আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

ক) প্রার্থীর সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)

খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি

গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র

ঘ) প্রার্থীর নিজ এলাকার পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল সনদপত্র

ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি

চ) পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা হিসাব কোড নম্বরঃ ১-৪৬০১-০০০১-২০৩১ এ ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের মূল কপি ।

০৪. চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে।

০৫. বিবাহিত মহিলাদের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকুরীর আবেদন ফরমের ৯ নং ক্রমিকে পিতা ও স্বামী উভয়ের নাম লিখতে হবে এবং স্থায়ী ঠিকানার ক্ষেত্রে আবেদনপত্রে নিজ/স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৬. কোটা সংক্রান্ত বিদ্যমান নীতিমালা ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য প্রযোজ্য সরকারি বিধিবিধান অনুসরণ করা হবে। কোটা দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

০৭. ক) মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারীগণকে মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। এছাড়াও নিম্নোক্ত ছকে তথ্য প্রদান করতে হবেঃ

মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিবার্তা নং	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদপত্রের নম্বর, তারিখ ও স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ

গ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক বিষয়ক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধার নাতি-নাতনি হলে মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র ও আবেদনকারীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৮. এতিম/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে উপজেলা সমাজসেবা অফিসার/উপ-পরিচালক, জেলা সমাজসেবা, সরকারী শিশুসদন, শিশু পরিবার ইত্যাদি প্রতিষ্ঠান হতে সনদপত্র সংগ্রহপূর্বক আবদনের সাথে জমা দিতে হবে (যে কোন একটি)।

০৯. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদেরকে আবেদনের সাথে জেলা কমান্ডেন্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র জমা দিতে হবে।

১০. ক্ষুদ্র নৃ-গোষ্ঠির প্রার্থীদের জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১১. প্রার্থী কোন কোটা সুবিধার আওতায় আবেদন করলে খামের উপরে এবং আবেদনপত্রের উপরে কোটার নাম লিখতে হবে

১২. প্রার্থীকে খামের উপর অফিস সহায়ক পদে নিয়োগের জন্য আবেদন কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১৩. ডাকযোগে ইন্টারভিউ কার্ড প্রেরণের লক্ষ্যে নিজের নাম, ঠিকানা সম্বলিত ৯" X ৪" সাইজের একটি আলাদা খাম, ১০/- (দশ) টাকার ডাক টিকেটসহ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৪. নিয়োগ সংক্রান্ত ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫. পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৬. সাক্ষাতকার গ্রহণের দিন নির্বাচিত প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে

১৭. অত্রাফিসের গত ০৩/০৪/২০১৭ তারিখের ৩১.৪৩.৩৮০০.০২০.০১.০২৯.১৭-৪১৭ নং স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে অফিস সহায়ক পদে চাকরির জন্য যে সকল প্রার্থীর দরখাস্ত অত্রাফিসে জমা রয়েছে, তাদের ক্ষেত্রে বর্তমান বিজ্ঞপ্তির আলোকে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। উল্লেখ্য উক্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে পরিচ্ছন্নতাকর্মী ও নিরাপত্তা প্রহরীর জন্য আবেদনকারীগণ আগ্রহী হলে বর্তমান বিজ্ঞপ্তির শর্তসাপেক্ষে অফিস সহায়ক পদে আবেদন করতে পারবেন।

১৮. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক চাকুরীর আবেদন ফরম ও এ নিয়োগ বিজ্ঞপ্তিটি www.joypurhat.gov.bd তে পাওয়া যাবে।

(মোহাম্মদ হোসেন)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোনঃ ০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

নম্বরঃ-৪৬.৪৩.৩৮০০.০০৭.০৪.০০১.১৭- ১২৪৮(৫৫) তারিখঃ ১৬ /০৯/২০১৮ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রচারের লক্ষ্যে নিজ অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্যঃ

০৪। পুলিশ সুপার, জয়পুরহাট
০৫। সিভিল সার্জন, জয়পুরহাট
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট
০৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ এলজিইডি/ সড়ক ও জনপথ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট
০৮। উপজেলা নির্বাহী অফিসার .... (সকল), জয়পুরহাট।
০৯। নেজারত ডেপুটি কালেক্টর, জয়পুরহাট।
১০। মেয়র .... (সকল) জয়পুরহাট।
১১। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট
১২। চেয়ারম্যান .... ইউপি.................................... জয়পুরহাট।

১৩	সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, দৈনিক করতোয়া	তাঁকে উল্লেখিত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৬/০৯/২০১৮ তারিখের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতার ০৩(তিন) কলামে ১০ ইঞ্চির মধ্যে একদিন প্রকাশ করতে এবং প্রকাশিত সংখ্যার ০২ (দুই) কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৩। সহকারী প্রোগ্রামার, জয়পুরহাট কালেক্টরেট। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, জয়পুরহাট এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

(ইশরাত ফারজানা)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
জয়পুরহাট
ফোনঃ ০৫৭১-৬২২১১
adcrevenuejoypurhat@gmail.com